দৈনিক সংবাদ

তারিখ ... ... NOV 08 1999

পৃষ্ঠা ... কলাম ...

20

## এসএসসি ঃ চট্টগ্রাম বোর্ড

# বহিষ্কার ৮৮৬, ৩২ শিক্ষার্থীর অনুদান বন্ধ, কেন্দ্র বাতিল

অঞ্জন কুমার সেন, চট্টগ্রাম ব্যুরো ঃ চলতি বছরের এসএসসি পরীক্ষায় চট্টগ্রাম শিক্ষা বোর্ডের ৯০টি পরীক্ষা কেন্দ্রে অসদুপায় অবলম্বনের দায়ে ৮শ' ৮৬ জন পরীক্ষার্থীকে বিভিন্ন মেয়াদে বহিষ্কারের (শাস্তিমূলক ব্যবস্থা) আদেশ দেয়া হয়েছে। অসদুপায় অবলম্বনে সহায়তা করা এবং দায়িত্ব পালনে অবহেলার অভিযোগ প্রমাণিত হওয়ায় ৩২ জন স্কুল শিক্ষকের সরকারি অনুদান বরাদ্দ বন্ধ রাখার সিদ্ধান্ত নেয়া হয়েছে।

চট্টগ্রাম শিক্ষা বোর্ডের পরীক্ষা পরিদর্শন টিমের রিপোর্টের ভিত্তিতে গত সপ্তাহে বোর্ড কর্তৃপক্ষ এ পদক্ষেপ নেন। গৃহীত পদক্ষেপের আওতায় খাগড়াছড়ির পানছড়ি হাইস্কুলের পরীক্ষা কেন্দ্রটি বাতিল ঘোষণা করা হয় এবং আরো সাতটি স্কুল কর্তৃপক্ষকে সতর্ক করে দিয়ে নোটিশ পাঠানো হয়।

গত মার্চ-এপ্রিল মাসে চট্টগ্রাম শিক্ষা বোর্ডের আওতায় ৫ জেলার ৯০টি কেন্দ্রে ৬৯ হাজার ৫শ' পরীক্ষার্থী পরীক্ষায় অংশ নেয়। এর মধ্যে অসদুপায় অবলম্বনের প্রমাণাদি পাওয়ার পর ৮শ' ৮৬ জন পরীক্ষার্থীর বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত নেয়া হয়। শাস্তিপ্রাপ্ত পরীক্ষার্থীদের মধ্যে ৩ জনকে চার বছরের জন্য, ৯৮ জনকে তিন বছরের জন্য এবং ৭শ' ৮৫ জনকে দু বছরের জন্য বহিষ্কার করা হয়। পরীক্ষা চলাকালে ব্যাপক গণটোকাটুকি, বিদ্যালয়ে হামলা এবং ব্যাপক ভাঙচুরের গুরুতর অভিযোগ প্রমাণিত হওয়ায় খাগড়াছড়ির পানছড়ি-১ কেন্দ্রটি বাতিল করা হয় এবং একই ধরনের লঘু অভিযোগ পাওয়ায় চট্টগ্রাম জেলার ৩টি, কক্সবাজার জেলার ২টি, রাঙ্গামাটি জেলার ১টি ও বান্দরবানের ১টি পরীক্ষা কেন্দ্রের কর্তৃপক্ষকে সতর্ক নোটিশ পাঠানো হয়। আগামী বছর এসব পরীক্ষা কেন্দ্রের বিরুদ্ধে এ সংক্রান্ত অনিয়মের কোন অভিযোগ পাওয়া গেলে কারণ দর্শানো ছাড়াই কেন্দ্র বাতিল করা হবে বলে সংশ্লিষ্ট সূত্রে জানা গেছে। সূত্রটির মতে, পানছড়ি কেন্দ্রের ১২ জন পরীক্ষার্থীর উত্তরপত্রে দু হাতের লেখা পাওয়ায় এসব পরীক্ষার্থীর বিরুদ্ধেও শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হয়।

সংশ্লিষ্ট সূত্রে আরো জানা যায়, এসএসসি পরীক্ষায় অসদুপায় অবলম্বনে ছাত্রছাত্রীদের সহায়তা করার অভিযোগ প্রমাণিত হওয়ায় ৫টি স্কুল কেন্দ্রের ৩২ জন শিক্ষকের (কক্ষ পরিদর্শক) বিরুদ্ধে কঠোর শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হয়। গৃহীত শাস্তিমূলক ব্যবস্থার মধ্যে তাদের বেতনের সরকারি অনুদান বন্ধ রাখার জন্য বলা হয়েছে। মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা অধিদপ্তরের মহাপরিচালকের কাছে এ সংক্রান্ত আদেশ বোর্ড থেকে ইতোমধ্যে পাঠানো হয়। এছাড়া সংশ্লিষ্ট স্কুলসমূহের ব্যবস্থাপনা কমিটিকে এ শিক্ষকদের বিরুদ্ধে চিঠি অনুসারে ব্যবস্থা নেয়ার জন্যও বলা হয়। যেসব শিক্ষকের বিরুদ্ধে ব্যবস্থা নেয়া হয়েছে তার মধ্যে পটিয়ার হাবিলাসদ্বীপ হাইস্কুলের ১৪ জন ও রাউজানের এআরসি হাইস্কুলের ১২ জন শিক্ষক রয়েছেন।